

নম্বর 202.50

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত
দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত**

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

সুতরাং, এখন আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চলে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার প্রয়োজন হলে, আমি এতদ্বারা এই কার্যনির্বাহী আদেশ 202.30 এবং কার্যনির্বাহী আদেশ 202.30 এ বিদ্যমান নির্দেশিকাকে সংশোধনকারী কার্যনির্বাহী আদেশ 202.40 এবং যেকোনো নির্দেশনা যা পরবর্তী কোনো নির্দেশনার মাধ্যমে স্থগিত করা হয়নি সেগুলিকে 8 আগস্ট 2020 পর্যন্ত ত্রিশ দিনের জন্য অব্যাহত রাখছি।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময়ে কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 29-a সেকশন অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 8 আগস্ট 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করছি:

- নির্বাহী আদেশ 202.5-এ থাকা নির্দেশিকায় খুচরা শপিং মলের সকল অভ্যন্তরীণ সাধারণ অংশ জনসাধারণের জন্য বন্ধ করা প্রয়োজন এবং নির্বাহী আদেশ 202.48 অনুসারে বর্ধিত, অব্যাহত ও সংশোধিত হিসেবে, যতক্ষণ না এই ধরনের মলগুলি স্বাস্থ্য অধিদফতর (Department of Health)-এর নির্দেশনা মেনে চলে ততক্ষণ স্টেটের পুনরায় খোলার চতুর্থ ধাপে স্টেটের এমন অঞ্চলগুলিতে এই জাতীয় মলগুলি খোলার অনুমতি দেওয়ার জন্য এইভাবে সংশোধন করা হয়েছে যা কার্যকর শুক্রবার, 10 জুলাই, 2020 তারিখ রাত 12:01 থেকে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ

সালের জুলাই মাসের নবম দিনে এটি

প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব